দৈনিক বাংলা

তারিখ 01 MAR 1993
পৃষ্ঠা ৫ কলাম ৩

# পরীক্ষার ফল প্রকাশে দেরি

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষার ফল প্রকাশে আজকাল যে কত দেরি হয় তার একটি বড় প্রমাণ গত বছরের এলএলবি পরীক্ষা। এগার মাস আগে অনুষ্ঠিত এলএলবি পরীক্ষার ফল আজও প্রকাশিত হয়নি। এজন্য বাংলাদেশ ল স্টুডেন্টস ফেডারেশনের দুই কর্মকর্তা ক্ষোভ প্রকাশ করেছেন। তাদের ক্ষোভে এই পরীক্ষায় অংশগ্রহণকারী সকল ছাত্র-ছাত্রীরই মনোভাবের প্রকাশ ঘটেছে। তাদের ক্ষোভের কারণ একাধিক। একদিকে তারা দীর্ঘ দিন ধরে অনিশ্চয়তায় ঝুলে আছেন, অন্যদিকে, অনেকেই প্রবেশ করতে পারছেন না রুজি- রোজগারের কোন পেশায়। ফলে তারা এবং তাদের পরিবারও ক্ষতিগ্রস্ত হচ্ছে।

তীব্র চাকরি সংকটের বাজারে আইন ব্যবসা অনেকের জন্যই একটি লাভজনক পেশা। আইনের ডিগ্রী থাকলে বিভিন্ন প্রতিষ্ঠানে ভাল চাকরিও পাওয়া যায়। এজন্যই দেশে আইন শিক্ষার প্রসার ঘটছে। বহু ছাত্র-ছাত্রী আইন নিয়ে লেখাপড়া করছে বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে ও আইন মহাবিদ্যালয়গুলিতে। সাধারণত আইনের ক্লাস সন্ধ্যা বেলা হয় বলে বহু ছাত্র-ছাত্রী দিনে চাকরি বা অন্য পেশায় নিয়োজিত থেকেও লেখাপড়া করতে পারেন। স্বভাবতই তারা সিরিয়াস ছাত্র-ছাত্রী। নিয়মিত ক্লাস এবং সময়মত কোর্স সমাপ্তি, পরীক্ষা অনুষ্ঠান ও ফল প্রকাশের ব্যাপারে তারা খুবই আগ্রহী। কোন পর্যায়ে বিশেষ করে পরীক্ষার ফল প্রকাশে দেরি মানেই তাদের মাথায় বাজ। বাঞ্ছিত পেশায় প্রবেশে বিলম্ব। কেন জানি, এলএলবি পরীক্ষার ফল প্রকাশে প্রায় প্রতি বছরেই দেরি।

কেবল আইন পরীক্ষাই নয়, অন্যান্য পরীক্ষারও ফল প্রকাশে বিলম্ব ঘটছে। এসএসসি, এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ হালে অনেকটা এগিয়ে এলেও এখনও বেশ কিছুটা দেরি হচ্ছে। তবে বেশি দেরি হচ্ছে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাগুলিতে—অনার্স ও এমএ পর্যায়ে। একদিকে কোর্স সমাপ্তি ও পরীক্ষা অনুষ্ঠানে দেরি, অন্যদিকে দীর্ঘসূত্রতা ফল প্রকাশে। এতে নানাভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকরা। তাদের শিক্ষার সময় শেষই হতে চায় না। সেসনজট লেগেই থাকে। পরীক্ষার ফল প্রকাশে বিলম্ব সেসনজটের একটি বড় কারণ।

ফল প্রকাশে এত দেরি হয় কেন তা একটু খতিয়ে দেখা দরকার। সন্দেহ নেই পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির ফলে পরীক্ষার খাতার সংখ্যা বেড়েছে। কিন্তু সংখ্যা এত বাড়েনি যে খাতা দেখতে ও নম্বর টেবুলেশনে ছয় মাস বা বছরেরও বেশি সময় লেগে যাবে। সংশ্লিষ্ট পরীক্ষা কর্তৃপক্ষ এবং পরীক্ষকগণ সচেষ্ট হলে পরীক্ষার ফল প্রকাশের কাজটি অনেক কম সময়েই সম্পন্ন করা যায়।